

🗏 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ১২

💵 আরবি মূল আয়াত:

وَ اَدخِل يَدَكَ فِي جَيبِكَ تَخرُج بَيضآءَ مِن غَيرِ سُوٓءٍ فِي تِسعِ أَيْتٍ اللَّي وَالدِّ اللَّهِ فِي تِسعِ أَيْتٍ اللَّهِ فِي وَقُومِهِ اللَّهُم كَانُوا قَومًا فُسِقِينَ ﴿١٢﴾

'আর তুমি তোমার হাত বগলে প্রবেশ করাও, তা দোষমুক্ত শুল্র অবস্থায় বের হয়ে আসবে। ফির'আউন ও তার সম্প্রদায়ের কাছে আনীত নয়টি নিদর্শনের অন্তর্ভুক্ত। নিশ্চয় তারা ছিল ফাসিক সম্প্রদায়'। — আল-বায়ান আর তুমি তোমার হাত বগলে ঢুকাও, তা শুল্র হয়ে বের হয়ে আসবে দোষমুক্ত অবস্থায়, তা হল ফেরাউন ও তার সম্প্রদায়ের নিকট নিয়ে আসা নয়টি নিদর্শনের অন্তর্ভুক্ত। নিশ্চয় তারা ছিল পাপাচারী সম্প্রদায়। — তাইসিরুল তোমার হাত তোমার বক্ষপার্শের বস্ত্রের মধ্যে প্রবেশ করাও। এটা বের হয়ে আসবে শুল্র নির্দেষ হয়ে; এটা ফির'আউন ও তার সম্প্রদায়ের নিকট আনীত নয়টি নিদর্শনের অন্তর্গত; তারাতো সত্যত্যাগী সম্প্রদায়। — মুজিবুর রহমান

And put your hand into the opening of your garment [at the breast]; it will come out white without disease. [These are] among the nine signs [you will take] to Pharaoh and his people. Indeed, they have been a people defiantly disobedient." — Sahih International

- ১২. আর আপনি আপনার হাত আপনার বগলে রাখুন, এটা বের হয়ে আসবে শুন্র নির্দোষ অবস্থায়। এটা ফিরআউন ও তার সম্প্রদায়ের কাছে আনীত নয়টি নিদর্শনের অন্তর্গত।(১) তারা তো ছিল ফাসেক সম্প্রদায়।
 - (১) সূরা আল-ইসরায় বলা হয়েছে মূসাকে আমি সুস্পষ্টভাবে দৃষ্টিগোচর হয় এমন ধরনের নয়টি নিদর্শন দিয়ে পাঠিয়েছিলাম। সূরা আল-আ'রাফে এগুলোর বিস্তারিত বিবরণ এভাবে বর্ণনা করা হয়েছেঃ (১) লাঠি, যা অজগর হয়ে যেতো। (২) হাত, যা বগলে রেখে বের করে আনলে সূর্যের মতো ঝিকমিক করতো। (৩) যাদুকরদের প্রকাশ্য জনসমক্ষে পরাজিত করা (৪) মূসার পূর্ব ঘোষণা অনুযায়ী সারা দেশে দুর্ভিক্ষ দেখা দেয়া। (৫) বন্যা ও ঝড় (৬) পংগপাল। (৭) সমস্ত শস্য গুদামে শস্যকীট এবং মানুষ-পশু নির্বিশেষে সবার গায়ে উকুন। (৮) ব্যাঙ্গ্রের আধিক্য (৯) রক্ত। [দেখুন: সূরা আল-আরাফ: ১৩৩]

তাফসীরে জাকারিয়া



- (১২) আর তুমি তোমার হাত নিজ জামার বুকের উন্মুক্ত অংশে প্রবেশ করাও। তা ক্রটিমুক্ত[1] উজ্জ্বল হয়ে বেরিয়ে আসবে। এ হবে ফিরআউন ও তার সম্প্রদায়ের নিকট আনীত নয়টি নিদর্শনের অন্তর্গত।[2] ওরা তো সত্যতাগী সম্প্রদায়।
 - [1] অর্থাৎ, কুষ্ঠব্যাধি বা অন্য কোন রোগজনিত ত্রুটি ছাড়াই। লাঠির সাথে এটি ছিল দ্বিতীয় মু'জিযা।
 - [2] في تَسْعِ آيَاتٍ অর্থাৎ, এই দুই মু'জিযা ঐ নয় নিদর্শনের অন্তর্গত যার দ্বারা আমি তোমার সাহায্য করেছি। এই মু'জিযা নিয়ে তুমি ফিরআউন ও তার জাতির নিকট যাও। উক্ত নয়টি নিদর্শন সম্পর্কে জানার জন্য সূরা বনী- ঈস্রাঈল ১০১নং আয়াতের টীকা দ্রস্টব্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3171

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন